বামন্দী ইউপির চেয়ারম্যান কমলের উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন পরিষদের উদ্যোগে এস ডি জি বাস্তবায়নের লক্ষ্যে ওয়ার্ড পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা শীর্ষক উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২০ই মে) বিকেলে উপজেলার বামন্দী ইউনিয়নের (৭নং ওয়ার্ড) দেবীপুর ডি জে এম সি মাধ্যমিক বিদ্যালয় ও (৪নং ওয়ার্ড) বালিয়াঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে দুটি পৃথক ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়।

দেবিপুর গ্রামের ওয়ার্ড সভায় সভাপতিত্ব করেন ৭নং ওয়ার্ড ইউপি সদস্য মোঃ হীরক আলী এবং বালিয়াঘাট গ্রামের ওয়ার্ড সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা কৃষক লীগের সাবেক সভাপতি মোশাররফ হোসেন।

পৃথক দুটি ওয়ার্ড সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ ওবায়দুর রহমান কমল।

এ সময় বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল বাকী,বামন্দী ইউনিয়নের সচিব মোঃ মনিরুল ইসলাম, বামন্দী ইউপির সদস্য আশাদুল হক, ইউপি সদস্য মোছাঃ হাজেরা খাতুন, ইউপি সদস্য মোছাঃ সাগরী খাতুন, বামন্দী ইউপির সাবেক সদস্য হাবিল উদ্দিন ও রবিউল ইসলাম সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং এলাকাবাসী উপস্থিত ছিলেন।

বামন্দীতে গাঁজাসহ আটক ২

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী পশুহাট এলাকা থেকে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ১৫০ গ্রাম গাঁজাসহ দুইজনকে আটক

করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেলের দিকে বামন্দী পুলিশ ক্যাম্পের একটি দল এ অভিযান পরিচালনা করে।

আটককৃতরা হলেন, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়া গ্রামের আমিরুল ইসলামের ছেলে আসলাম উদ্দিন (৪৫) এবং একই গ্রামের রিয়াজুদ্দিনের ছেলে আরশেদ আলী (২৮)।

গাংনী থানাধীন বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই ইসরাফিল হোসেন জানান, গোপন সংবাদ ভিত্তিতে অভিযান চালিয়ে বামন্দী পশুহাট এবং নওদা ছাতিয়ানের মাঝামাঝি এলাকা থেকে দুজনকে ১৫০ গ্রাম গাঁজা সহ আমরা আটক করি। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে তাদের আদালতে পাঠানো হবে।

বামন্দীতে সুইট ফ্লাওয়ার মিলসের মালিকে ১৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী বাজারের ময়দা ও সেমাই প্রস্তুতকারক প্রতিষ্ঠান মেসার্স সুইট ফ্লাওয়ার মিলসে্ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ১৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

মঙ্গলবার (২৮শে মার্চ) বিকেলে বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশে পবিত্র রমজান মাসে বিভিন্ন জিনিসপত্রের বাজার মূল্য স্বাভাবিক রাখতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয় বামন্দী বাজারে এ অভিযান পরিচালনা করে। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলার সহকারী পরিচালক সজল আহমেদ। এসময় অভিযান পরিচালনায় সহোযোগিতা করে র্যাব-১২ গাংনী ক্যাম্পের একটি দল।

ভোক্তা অধিকার অধিদপ্তরের ভ্রাম্যমান আদালতের অভিযান সূত্রে

জানা যায়, বামন্দী বাজারের হাজী মতিয়ার রহমান পরিচালিত মেসার্স সুইট ফ্লাওয়ার মিলসে্ আটা ও ময়দার প্যাকেটে মূল্য না দেওয়া, সেমাই তৈরি ও প্যাকেটজাতকরণে যথাযথ নিয়ম না মানা সহ অপরিচ্ছন্নতা এবং অব্যবস্থাপনার অভিযোগে ভোক্তা অধিকার আইনের ৩৭ ও ৪৩ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলার সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশে জিনিসপত্রের অস্বাভাবিকভাবে মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণে রাখতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার মনিটরিং কার্যক্রমের আওতায় বামন্দী বাজারের মেসার্স সুইট ফ্লাওয়ার মিলস্’কে বেশ কয়েকটি অসঙ্গতির কারণে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। রমজান মাসব্যাপী আমাদের এ অভিযান অব্যাহত থাকবে।

বামন্দীতে বাজার মনিটরিং ও ভ্রাম্যমান আদালতের জরিমানা

বামন্দীতে রমজানের প্রথম দিনেই জিনিসপত্রের দাম বৃদ্ধি ‘ক্রেতাদের নাগালের বাইরে শাক-সবজি’ শিরোনামে সাপ্তাহিক (শুক্রবারের) হাটের চিত্র তুলে ধরে গত (২৫শে মার্চ) শনিবার সংবাদ প্রকাশ করে দৈনিক মেহেরপুর প্রতিদিন।

ব্যবসায়ী ও ক্রেতাদের মতামত সহ বন্ধ থাকা বাজার মনিটরিং এবং সংশ্লিষ্টদের উদাসীনতার বিষয়টি সংবাদে উঠে আসার পর টনক নড়ে গাংনী উপজেলা প্রশাসনের। যার ফলে বামন্দীর সাপ্তাহিক হাট (শুক্রবার ও সোমবার) রমজানের প্রথম দিন গত শুক্রবারের চিত্র তুলে ধরার পর-ই গাংনী উপজেলা প্রশাসন (২৭ই মার্চ) সোমবার বামন্দীর সাপ্তাহিক হাট পরিদর্শন, বাজার মনিটরিং ও ভ্রাম্যমান আদালতের অভিযানে জরিমানা আদায় করে।

বাজার মনিটরিং ও ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

এসময় বামন্দী বাজারের শাকসবজির হাট, বিভিন্ন মুদিখানার দোকান ও তরমুজ বিক্রেতাদের মালামাল ক্রয়ের ক্যাশ মেমো যাচাই-বাছাই করেন তিনি। এবং বেশ কয়েকটি মুদিখানার দোকানে অভিযান শেষে মূল্য তালিকা না থাকার অভিযোগে ভ্রাম্যমান আদালতে ৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম বলেন, বামন্দী বাজারের বিভিন্ন পর্যায়ের ব্যবসায়ীদের ক্রয়মূল্য যাচাই-বাছাই করা হয়েছে। তারা ক্রয়মূল্যের চেয়ে কতটা বেশি দামে বিক্রি করছেন সেটা দেখা হয়েছে। ক্রেতা-বিক্রেতা উভয়ের সাথে কথা বলে বোঝা গেছে এখন মোটামুটি বাজারের অবস্থা নিয়ন্ত্রণে রয়েছে। তবে কয়েকটি জায়গায় কিছু অসঙ্গতি লক্ষ্য করা গেছে এবং সেখানে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে জরিমানা করা হয়েছে। আমাদের এই অভিযান নিয়মিত অব্যাহত থাকবে।

বামন্দীতে রমজানের প্রথম দিনেই জিনিসপত্রের দাম বৃদ্ধি

মেহেরপুরের গাংনী উপজেলার ঐতিহ্যবাহী ও বাণিজ্য খ্যাত একটি বাজার বামন্দী। যেখানে রয়েছে জেলার সর্ব-বৃহৎ পশু হাট। বাজারে শাকসবজি, মাছ-মাংস, ক্ষুদ্র কুটির শিল্প সামগ্রী থেকে শুরু করে নিত্য প্রয়োজনীয় দ্রব্য ও মালামাল বিক্রয় করে ব্যাবসায়ীরা। এসব দোকানের পাশাপাশি রয়েছে সুপার মার্কেট, শপিংমল, বাণিজ্যিক প্রতিষ্ঠান, অফিস, একাধিক শাখা ব্যাংক ও চিকিৎসাকেন্দ্র, কলকারখানা সহ হাজারের অধিক দোকান-পাট। এ বাজারে শুধুমাত্র চায়ের দোকানের ব্যাবসার উপর নির্ভর করে চলে প্রায় শতাধিক পরিবার।

সপ্তাহে দু’দিন শুক্রবার ও সোমবার সাপ্তাহিক হাট বসে বামন্দীতে। এবারের রমজানের প্রথম দিন (২৪শে মার্চ) শুক্রবার বামন্দী বাজারের সাপ্তাহিক হাট সরেজমিনে ঘুরে জিনিসপত্রের অস্বাভাবিকভাবে দাম বৃদ্ধি চোখে। যা ক্রেতাদের নাগালের বাইরে। বাজারে পর্যাপ্ত পরিমাণ শাকসবজি থাকলেও উচ্চমূল্যের কারণে হতাশার চিত্র ক্রেতাদের

চোখেমুখে। স্বাভাবিকের বাইরে মূল্য থাকায় অনেকেই রমজানের প্রথম দিনে ক্রয় করতে পারেননি শাক-সবজি।

বামন্দী বাজারের সবজি হাটে বেগুন, সজনে ডাটা, কাঁচা মরিচ, পেঁয়াজ, রসুন, আদা, আলু, পটল, টমেটো, গাজর, শসা, সিম, পুইশাক, লাউ, লেবুর মূল্য প্রায় দ্বিগুন থেকে তিনগুণ হারে বৃদ্ধি পেয়েছে। তবে পাইকারির তুলনায় খুচরা বাজারে শাক-সবজির দাম তুলনামূলকভাবে আরো বেশি।

রমজানের প্রথম হাটে বামন্দীতে বেগুন বিক্রি হয়েছে ৮০ টাকা কেজি দরে; যা এক সপ্তাহ আগেও ছিল ৪৫ টাকা কেজি। শসা বিক্রি হচ্ছে কেজিপ্রতি ৭০-৮০ টাকা দরে; যা এক সপ্তাহ আগেও ছিল কেজিপ্রতি ৫০ টাকা। পটল কেজিপ্রতি ৮০ টাকা, সজনে ডাটা ১২০ টাকা, পুইশাক ৪০ টাকা সহ আলু-পেঁয়াজ-রসূনের দাম বেড়েছে কেজিপ্রতি ২০-৩০ টাকা করে। লেবু বিক্রি হচ্ছে ১৫ টাকা প্রতিপিচ। এছাড়াও অন্যান্য সবজির দাম কেজিপ্রতি ১০ টাকা থেকে ৩০ টাকা পর্যন্ত বেড়েছে।

অপরদিকে বেড়েছে মাছ মাংসের দাম। বামন্দী বাজারের মাছের হাটে সবধরনের মাছ কেজিপ্রতি ৩০-৬০ টাকা পর্যন্ত বেড়েছে। গরুর মাংস সাড়ে ৭’শ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে যা ছিলো সাড়ে ৬’শ টাকা। ছাগলের মাংস বিক্রি হচ্ছে ৯’শ টাকা কেজি দরে। ব্রয়লার মুরগী কেজিপ্রতি বিক্রি হচ্ছে ১৯৫ টাকা দরে। লেয়ার ও সোনালি মুরগী ২৬০-৩২০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

দাম নিয়ে ক্রেতাদের অভিযোগ থাকলেও ব্যবসায়ীরা বলছেন ভিন্ন কথা। বামন্দী বাজারের সবজি ব্যবসায়ী মনিরুল ইসলাম বলেন, প্রতিবছরেই রমজানের সময় বাজারে জিনিসপত্রের দাম বেশি থাকে। এবছরেও কেজিতে ১০-২০ টাকা বেড়েছে; আবার কিছুদিন পরে কমে যাবে।

সবজি ব্যবসায়ী তাহিরুল ইসলাম বলেন, আমি খুলিশাকুন্ডী থেকে বেগুন কিনে এনেছি ৭০ টাকা কেজি দরে; এখন বিক্রি করছি ৮০ টাকা। ১০ টাকা লাভ হচ্ছে।

আরেক সবজি ব্যবসায়ী বাবুল ইসলাম বলেন, আমরা কিনে এনে বিক্রি করি। মোকামে যে দাম ধরে আমরা তার চেয়ে ২০-৩০ টাকা বেশি দামে বিক্রি করি। আমাদের হাতে কিছু নেই সবকিছু মোকাম থেকে নির্ধারন করা হয়।

তবে ভিন্ন প্রতিক্রিয়া ক্রেতাদের মধ্যে। সাজ্জাদুল ইসলাম স্বপন নামের এক ক্রেতা বলেন, রমজানের অজুহাতে প্রতিবছর ব্যবসায়ীরা

জিনিসপত্রের দাম বাড়িয়ে দেয়। কিন্তু সংশ্লিষ্টরা এতে কোন নজরদারি রাখেনা।

আরেক ক্রেতা রাশিদুল আলম বলেন, বামন্দীতে বাজার মনিটরিং করা হয়না কোনদিন। নিয়মিত যদি দায়িত্বশীলরা একটু দেখভাল করতো তবে এতটা অস্বাভাবিক হতো না বাজার দর।

বাজার মনিটরিং বিষয়ে জানতে বামন্দী বাজার কমিটির সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম বাবুর সাথে যোগাযোগের চেষ্টা করেও সম্ভব হয়নি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, গাংনী বাজারে গতকাল আমারা মনিটরিং করেছি তবে পর্যায়ক্রমে সব জায়গায় দেখভাল করা হবে। আমাদের মোবাইল কোর্টের অভিযান রমজান মাসব্যাপী পরিচালনা করা হবে।

তবে বাজার মনিটরিং বিষয়ে বাজার কমিটির দায়িত্ব কতটুকু রয়েছে কিংবা উপজেলা প্রশাসনের কোন নির্দেশনা আছে কিনা? এবিষয়ে জানতে চাইলে তিনি আরো বলেন, আমি সবেমাত্র যোগদান করেছি; এখনো সবার সাথে বসা সম্ভব হয়নি। তবে খুব দ্রুত সবার সাথে বসে বিষয়টি নিয়ে সীধান্ত নেওয়া হবে।

বামন্দীতে শহিদ জিয়ার ৮৭ তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা

শহিদ জিয়া রাষ্ট্রপ্রতি জিয়াউর রহমানের ৮৭ তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা ও দোয়া মাহফিল করেছে জেলা কৃষক দল।

আজ সোমবার বিকেলে গাংনী উপজেলার বামন্দী বাজারস্থ শাওনের অফিসে এ আয়োজন করা হয়। জিয়াউর রহমানের জীবনী সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনা শেষে দোয়া করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা কৃষকদলের সভাপতি মাহবুবুর রহমান, গাংনী উপজেলা কৃষকদলের আহবায়ক আমিনুল বারি মোতালেব, যুগ্ন আহবায়ক আব্দুল্লাহ আল হাসান শাওন, যুগ্ন আহবায়ক আঃ মজিদ, যুগ্ন

আহবায়ক আব্দুল গাফ্ফার, সাবেক গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভপাতি শহিদুল ইসলাম সহ কৃষকদলের নেতাকর্মীরা।

গাংনীর বামন্দীতে ফিউচার

একাডেমি কোচিং সেন্টারের

উদ্বোধন

গাংনীর বামন্দীতে ফিউচার একাডেমি নামে একটি কোচিং সেন্টারের আনুষ্ঠানিক পথ চলা শুরু করেছে।

শনিবার বিকেলে বামন্দী বাসস্ট্যান্ড সংলগ্ন জননী সুপার মার্কেটের তৃতীয় তলায় ফিউচার একাডেমি কোচিং সেন্টার উদ্বোধন করা হয়েছে।

বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি মাসুমের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন বামন্দীর ইটাভাটা ব্যবসায়ী মফিজুল ইসলাম লাল্টু, শিক্ষক জান্নাত আলী, শিক্ষক হেলালুর রহমান, ব্যবসায়ী আব্দুর রশিদ, বিডিএস বাংলা একাডেমির পরিচালক মুনতাজ আলী সহ স্থানীয় শিক্ষার্থী সহ অভিভাবকরা। কোচিং সেন্টারটি এগিয়ে নিতে পরিচালক ফাহিম এজাজ সকলের সহযোগীতা কামনা করেন। ৫ম শ্রেণী থেকে ১০ শ্রেণীর জন্য এক আদর্শ কোচিং সেন্টার হিসেবে কাজ করবে।

বামন্দীতে আইএফআইসি ব্যাংকের উপশাখার উদ্বোধন

গাংনী উপজেলার বামন্দী বাজারে আইএফআইসি ব্যাংকের উপ-শাখার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

বুধবার দুপুর ১২টার দিকে বামন্দী বাজারের বিশ্বাস টাওয়ারের দ্বিতীয় তলায় ব্যাংকের এই উপশাখার উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন,আইএফআইসি ব্যাংকের কুষ্টিয়া শাখার ব্যবস্থাপক হাসানুর রহমান।

বামন্দী বাজারের স্থানীয় ব্যবসায়ি মহাম্মদ জালাল উদ্দীন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কেটে ব্যাংকের উপশাখাটির উদ্বোধন করেন ।

উদ্বোধনী বিশেষ অতিথির বক্তব্য রাখেন বামন্দী বাজারের ব্যবসায়ি আব্দুল মালেক চপল বিশ্বাস, হাজী মহাম্মদ ইছার উদ্দীন।
বীর মুক্তিযাদ্ধো ও আইএফআইসি ব্যাংকের সাবেক কর্মকর্তা মতিউর রহমানের পরিচালনায়-অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন হাজী মহাম্মদ আব্দুর সাত্তার, আশরাফুল হক, বামন্দী বাজার কমিটির সভাপতি আমিরুল ইসলাম, হাজী মহাম্মদ মতিয়ার রহমান, বীর মুক্তিযোদ্ধা মোফাজ্জল হক, আশরাফুল হক, রাশিদুল ইসলাম সোহাগ, প্রভাষক রবিউল ইসলাম প্রমুখ।

বামন্দীতে ট্রাফিক পুলিশের অভিযানে ২৮টি গাড়ি ও চালকের বিরুদ্ধে মামলা

গাংনীর বামন্দীতে জেলা ট্রাফিক পুলিশের অভিযানে ২৮টি মোটরসাইকেল জব্দ ও পৃথক আইনে মামলা দায়ের হয়েছে।

আজ সোমবার (১৪ নভেম্বর) সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বামন্দী বাসস্ট্যান্ডে এই অভিযান চালানো হয়। মোটরসাইকেলের বৈধ কাগজপত্র না থাকা ও চালকের

বৈধ কাগজপত্র, হেলমেট ও ড্রাইভিং লাইসেন্স না থাকায় তাদের বিরুদ্ধে পুলিশের পক্ষ থেকে মামলাগুলো দায়ের করা হয়। মামলা নিষ্পত্তি শেষে গাড়ি গুলো দেওয়া হবে বলে জানান ট্রাফিক পুলিশ।

জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট মুকুল হোসেন বলেন, বামন্দী বাজার এলাকায় জব্দকৃত গাড়ির কোনো বৈধ কাগজপত্র নেই, এছাড়া চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট নেই। তাই এসব গাড়ি জব্দ শেষে পৃথক ধারায় মামলা দেওয়া হয়েছে।

জেলা ট্রাফিক পুলিশ অফিস থেকে মামলা নিষ্পত্তি সাপেক্ষে গাড়ি গুলো নিজ নিজ মালিকের কাছে হস্তান্তর করা হবে।

মোটারসাইকেল গুলো বামন্দী পুলিশ ক্যাম্প হেফাজতে রাখা হয়েছে। অভিযানে সহযোগীতা করেন, টিএসআই সুলতান আলী, এটিএসআই ইয়াহিয়া ও বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ সহ অন্যান্য সদস্যরা।

গাংনীর বামন্দীতে ২টি মিষ্টান্ন ভান্ডারকে ৭০ হাজার টাকা জরিমানা

অপরিচ্ছন্ন ও নোংরা দুর্গন্ধযুক্ত পরিবেশে মিষ্টি তৈরী ও ওজনে কম দেওয়ার অভিযোগে দুই হোটেল ব্যবসায়ীকে ৭০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সমন্বয়ে গঠিত ভ্রাম্যমান আদালত।

আজ বুধবার (৯ নভেম্বর) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদ গাংনী উপজেলার বামন্দী বাজারে এ জরিমানা আদায় করেন।

এসময় র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী ক্যাম্পের কমান্ডার মোঃ আবুল কালাম আজাদ, ও প্রসিকিউটর হিসেবে ছিলেন মেহেরপুর জেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তাজিমুল হক।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদ বলেন, বামন্দী বাজারের মেসার্স হানিফ মিষ্টান্ন ভাণ্ডারের কারখানায় অপরিচ্ছন্ন ও নোংরা

দুর্গন্ধযুক্ত পরিবেশে মিষ্টি ও মিষ্টি জাতীয় খাবার তৈরি হচ্ছে। অপরিচ্ছন্ন ও নোংরা জায়গাতে উন্মুক্ত অবস্থায় রাখা হয়েছে দই মিষ্টি। ফ্রিজের মধ্যে কাচা মাছ মাংশ ও রক্তচর্বির সাথে রাখা হয়েছে রান্না করা খাবার ও ছানা। এছাড়া কর্মচারীদেরও যথাযথ স্বাস্থ্যবিধি নেই। প্যাকেটজাত দই মিষ্টিতে যথাযথ মোড়কীকরণ আইন মানা হচ্ছেনা। এসব অপরাধে মেসার্স হানিফ মিষ্টান্ন ভান্ডারকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৪৩ ধারায় ৫০ হাজার জরিমানা করা হয়েছে।

এছাড়া একই বাজারের মেসার্স আমিন মিষ্টান্ন ভাণ্ডার এর বিক্রয় কেন্দ্রে দই মিষ্টিতে ভোক্তাদের ওজনে ঠকানোর অপরাধে প্রতিষ্ঠানটিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৭ ও ৪৬ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় বাজার কমিটির মাধ্যমে নিত্য প্রয়োজনীয় পণ্যের অনাকাঙ্ক্ষিত মুল্য বৃদ্ধির বিষয়ে সবাইকে সতর্ক করা হয়েছে।